

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
বাস্তবায়ন অনুবিভাগ  
বাস্তবায়ন শাখা-৪  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

নং-অম/অবি (বাস্ত-৪)/বিবিধ-২০/উঃ স্কেঃ/২০০৭/(অংশ)/ ৭৪

তারিখঃ ২২/০৯/২০১১ খ্রিঃ।

বিষয় : উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের চাকুরীকাল গণনা করে টাইমস্কেল এবং সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।


সূত্র : ১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.২১১.০১৫.০১.০০.০০৯.২০১০-৫৯ তাং ০৩/০২/২০১১ খ্রিঃ।  
২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১২৩.০১৫.০০.০০.০২১.২০১১-২৬৪ তাং ২৮/০৭/২০১১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এসআরও হিসেবে জারীকৃত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা-২০০৫ এর বিধি-৬ এ বর্ণিত আছে “নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর উন্নয়ন প্রকল্পে চাকুরীকাল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুসঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হইবে।” এ বিধিতে প্রকল্পের চাকুরীকাল গণনা করে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদানের বিষয়ে কিছু বলা হয় নি। এক্ষেত্রে উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের প্রকল্পের চাকুরীকাল গণনা করে টাইমস্কেল এবং সিলেকশন গ্রেড প্রদানের অবকাশ নেই মর্মে অর্থ বিভাগ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে পূর্বে প্রদত্ত মতামত/ ব্যাখ্যা যথার্থ। (অর্থ বিভাগের সিদ্ধান্তের অনুলিপি সংযুক্ত)।

উল্লেখ্য যে, “টাইম স্কেল” ও “সিলেকশন গ্রেড” আর্থিক সুবিধা হলেও বেতন, ছুটি এবং পেনশন ও আনুসঙ্গিক সুবিধাদি নির্ধারণের সাথে এর কোন সম্পর্ক নেই। কারণ “টাইম স্কেল”, “সিলেকশন গ্রেড” প্রাপ্তির ক্ষেত্রে সুনির্দিষ্ট কতিপয় বিধি-বিধান/ পদ্ধতি অনুসরণীয়। এক্ষেত্রে সংশ্লিষ্ট পদটি রাজস্বখাতের পদ হতে হয়। রাজস্বখাতে স্থানান্তরিত কর্মকর্তা/ কর্মচারীদের চাকরি রাজস্বখাতে নিয়মিতকরণের তারিখ থেকে নির্দিষ্ট সময়কাল গণনা করে চাকরির সন্তোষজনক রেকর্ড এবং এসএসবি/ডিপিসি-এর সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে “টাইম স্কেল”, “সিলেকশন গ্রেড” প্রদান করা হয়। উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত কর্মরত কর্মচারীদের প্রকল্পের চাকরিকাল গণনা করে বেতন, ছুটি, পেনশন ও আনুসঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে প্রায়োগিক হলেও টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদানের ক্ষেত্রে প্রকল্পের চাকরিকাল গণনাযোগ্য নহে।

এমতাবস্থায়, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত “উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫” এর আওতায় উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের প্রকল্পের চাকুরীকাল গণনা করে “টাইমস্কেল” এবং “সিলেকশন গ্রেড” প্রদানের অবকাশ নেই মর্মে অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত ইতোপূর্বকার মতামত/ব্যাখ্যা যথার্থ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের উক্ত বিধিমালার সাথে সাংঘর্ষিক কিংবা অসংগতিপূর্ণ নয় মর্মে নির্দেশক্রমে পুনরায় জানানো হলো।

সংযুক্তি : বর্ণনামতে

  
(জিনাত আরা)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৭১৬১৪৩১

- ১। মন্ত্রিপরিষদ সচিব  
মন্ত্রিপরিষদ বিভাগ,  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।